স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৯ ইংরাজী 16th May 1962 { ১ম সংখ্যা



সকল ঘরের তরে ...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servr

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA D. PUB.

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২রা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৯ সাল।

# জঙ্গিপুর সংবাদের উনপঞ্চাশত্তম বর্ষ-প্রবেশ

—০—

ভগবানের করুণায়, গুরুজনগণের আশীর্ব্বাদে, গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপনদাতৃগণের আনুকুল্যে জঙ্গিপুর সংবাদ অষ্টচত্বারিংশত্তম (৪৮শ) বর্ষ অতিক্রম করিয়া উনপঞ্চাশত্তম (৪৯শ) বর্ষে পদার্পণ করিল। এই নব বর্ষ প্রবেশে আমরা ভগবচ্চরণে ও গুরুজনপদে প্রণতি জানাইয়া সকলের নিকট সসম্মান কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

## পণ্ডিত প্রেস ও জঙ্গিপুর সংবাদ

ইংরাজী ১৯০২ অব্দে অক্টোবর মাসে মাত্র ৫০৲ পঞ্চাশ টাকা মূলধন লইয়া কলিকাতা হইতে ।৭ সতর সের অক্ষর ও কাঠের একটী "হোম-প্রিণ্টার" আনিয়া রঘুনাথগঞ্জের তিন মাইল দক্ষিণে দফরপুর গ্রামের নিজ বাসভবনে শ্রীশরৎচন্দ্র পণ্ডিতের উপাধি অনুসারে "পণ্ডিত প্রেস" নামকরণে "ডিক্লারেশন" দিয়া এই মুদ্রাযন্ত্রটি খোলা হয়।

চারিখানি অক্ষর রাখা ভাঙা বাংলা কেস আনা হইয়াছিল। প্রত্যেক ঘরের ফাঁক দিয়া এ ঘরের অক্ষর ও ঘরে চলিয়া যাইত বলিয়া প্রত্যেক ঘরে কাগজ বসাইয়া ফাঁক বন্ধ করা হইয়াছিল। হেডিং দিবার জন্য একটু বড় অক্ষরগুলিকে রাবড়ির খুরির মত মাটির পাত্রে রাখিয়া কাজ করা হইত। স্কুলের প্রশ্ন ছাপার জন্য সামান্য ইংরাজী অক্ষর আনিতে হয়। তালপাতাকে মাপমত কাটিয়া ৩ খানা ৪ খানা প্রতি লাইনের পরে দিয়া লেডের কাজ করা হইত। যখন প্রফেসর শ্রীতারাপদ দাস, জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শ্রীপ্রসন্নকুমার মুখোপাধ্যায়, শ্রীপশুপতি চক্রবর্ত্তী মহাশয়গণ জঙ্গিপুর স্কুলের ছাত্র, তখন প্রত্যেক ছাত্রের নিকটে সপ্তাহে ৴৫ এক পয়সা ফিঃ লইয়া শনিবার শনিবার সাপ্তাহিক পরীক্ষার প্রশ্ন পণ্ডিত প্রেসে ছাপা হইত। এই-ভাবে পাড়াগাঁয়ে বাঁশ বনের ভিতর ছাপাখানা চলে না বলিয়া উহা রঘুনাথগঞ্জে ৩৲ তিন টাকা মাসিক ভাড়ায় একখানি ঘর লইয়া শ্রীরামেশ্বর আগরওয়ালার দোকানের সামনে স্থানান্তরিত করা হয়। মাসিক ৩৲ টাকা ভাড়া দেওয়া অসম্ভব হওয়ায় শ্রীরঘুনাথ সাহা মহাশয়ের বাড়ীর দক্ষিণ-লাগা এক ঝাঁপের বেড়া খড়ের চালওয়ালা ঘরে উহা বাধ্য হইয়া লইয়া যাইতে হয়। এই ঘরের ভাড়া মাসে ১৷০ লাগিত।

এইভাবে কিছুদিন থাকার পর তখনকার থানার দারোগা বাবু ৺অমৃতলাল ঘোষ মহাশয়ের উদ্যোগে এক থিয়েটারের দল গঠিত হয়। শরৎ পণ্ডিতের স্থান হইল সেই দলে। যত নির্লজ্জ বেহায়ার ভূমিকা দেওয়া হইত তাঁহাকে। একদিন তিনি এক হিন্দুস্থানী কনষ্টেবলের ভূমিকা অভিনয় করার সময় তাঁহার উপর নজর পড়িল প্রথম মুন্সেফ বাবু অপরাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের। তিনিই তাঁহাকে একখানি সাপ্তাহিক ছোট কাগজ করার পরামর্শ দেন, আর বলেন—তিনি কাগজ করিলেই জজ সাহেবকে বলিয়া আদালতের নিলামের বিজ্ঞাপন ছাপার ব্যবস্থা করিয়া দিবেন। মনের আশা মনেই রাখিয়া অপরেশ বাবু অন্যত্র বদলি হইলেন। তাঁহার স্থানে আসিলেন কৃষ্ণনগরের ৺বামনদাস মুখোপাধ্যায় মহাশয়। ইঁহারই সময় মহকুমা শাসক ৺অমলকৃষ্ণ মুখোপাধ্যায়ের শাসন-কালে জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ ডবলিউ. এস. মিল্‌নী সাহেব শরৎ পণ্ডিতকে কাগজ করার অনুমতি দেন। ৺বামনদাস মুখোপাধ্যায় মহাশয় ও উকীল ৺ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের চেষ্টায় নিলাম ইস্তাহার ছাপার সুযোগ হয়।

ইংরাজী ১৯১৪ বাংলা ১৩২১ সালের জ্যৈষ্ঠ মাসের প্রথম বুধবার এই কাগজ বাহির হয়। ছোট "হোম প্রিণ্টার," তাতে কাগজ ছাপা হয় না। লোহার চাদর দিয়া একটা বাক্সের মত তৈরী ক'রে ডালায় বনাত আর জিন দিয়ে প্যাড ক'রে সেই প্যাডে ভিজা কাগজ বসিয়ে তলার বেডে অক্ষর এঁটে মদন মিস্ত্রী নামক এক মোটা সূত্রধরকে দৈনিক ॥০ আনা মজুরী দিয়ে, ঐ বাক্সের উপর লাফিয়ে লাফিয়ে কাগজ ছাপা হতো। জঙ্গিপুর সংবাদের প্রথম সংখ্যা দেখিলেই ছাপার সৌন্দর্য্য দেখা যাইবে। এই প্রেসে শরৎ পণ্ডিত রামপুরহাট উচ্চ ইংরাজী বিদ্যালয়, বহরমপুর কৃষ্ণনাথ কলেজ ইস্কুলের প্রশ্ন ছাপাইয়া সরবরাহ করিয়াছেন। জঙ্গিপুর সংবাদের প্রথম সংখ্যা প্রকাশিত হয় জুয়েলার শ্রীরামপদ চন্দ্র ও শ্রীবটরাম চন্দ্রের শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায়ের সাইকেল কারখানা ঘরে।

পণ্ডিত প্রেস ও জঙ্গিপুর সংবাদের বর্ত্তমান কার্য্যালয় মাসিক ৭৲ টাকা ভাড়ায় শ্রীনলিনীকান্ত সরকার শরৎ পণ্ডিতের একদিনের অনুপস্থিতে শ্রীরামপদ চন্দ্র ও শ্রীবটরাম চন্দ্রের ঘর হইতে বর্ত্তমান ঘরে লইয়া যান। এখন উক্ত ঘর পণ্ডিত প্রেস ক্রয়সূত্রে অধিকার করে। শরৎ পণ্ডিত তাঁহার জ্যেষ্ঠ পুত্রের হাতে সমস্ত ভার অর্পণ করিয়া ৮২ বৎসর বয়সে সুস্থ শরীরে জীবিত আছেন।

"জঙ্গিপুর সংবাদে"র বরাতে দুই দুইটি মহা-যুদ্ধের দরুণ মহার্ঘতার প্রকোপ সহ্য করিতে হইলেও মহকুমার জোত-জমার প্রজাগণের বাকি খাজানার নিলামের খবরের জন্য ব্যয়-শক্তি উপলব্ধি করিয়া ইহার বাৎসরিক মূল্য ডাকমাশুল সমেত ২৲ টাকার বেশী কখনও করা হয় নাই। কলিকাতা হাই-কোর্টের জনৈক লব্ধপ্রতিষ্ঠ এডভোকেট গ্রাহক কাগজের মূল্য দিবার সময় মন্তব্য করিয়াছেন—"আপনাদের কাগজ মহামান্য হাইকোর্টের বিচারপতিগণের মত ১৮৫৪ সালে যে দক্ষিণা ছিল ১৯৫৪ সালেও সে দক্ষিণার এক পয়সাও বাড়ে নাই।"

স্বাধীন সরকারের নয়া পয়সার দুই নয়া পয়সা প্রতি সপ্তাহে টিকিট দিতে হয় বলিয়া বর্ত্তমানে ২৲ টাকা ২৫ নয়া পয়সা সডাক মূল্য লওয়া হয়। বিজ্ঞাপনদাতা ও গ্রাহকগণের দেয় অর্থই আমাদের পাথেয়। সেই অনুগ্রহেই প্রায় অর্দ্ধ শতাব্দী এই ক্ষুদ্র সাপ্তাহিক বাঁচিয়া আছে।

## পারিতোষিক বিতরণ উৎসব

গত ২৯শে বৈশাখ শনিবার বৈকালে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়ের সভাপতিত্বে কাঞ্চনতলা জে-ডি-জে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উৎসব অনুষ্ঠিত হইয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য শ্রীসুরজিৎ লাহিড়ী মহোদয় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন ও শ্রীযুক্তা লাহিড়ী মহোদয়া ছাত্র-গণকে পারিতোষিক বিতরণ করেন।

প্রধান অতিথি মহোদয় তাঁহার বক্তৃতায় 'বর্ত্তমান শিক্ষা বল্‌তে কি বুঝায়—মার্জ্জিত বিবেক না হ'লে, শিক্ষার জাতীয় মূল্যমান ঠিক হয় না' ইত্যাদি বিষয় বিশেষভাবে বুঝাইয়া দেন। সভাপতি মহাশয়ও সময়োপযোগী ভাষণ দানে সকলকে মুগ্ধ করেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় সকলকে ধন্যবাদ প্রদান করার পর সভার কার্য্য শেষ হয়।

---

## দিল্লীর চিড়িয়াখানার জন্য নূতন পাখী

দিল্লীর চিড়িয়াখানার জন্য সম্প্রতি কতগুলি দুষ্প্রাপ্য ও রঙীন পাখী সংগ্রহ করা হইয়াছে। ইউরোপ হইতে ৫ শ্রেণীর ৩৪টি পাখী আসিয়াছে। চারটি আফ্রিকা এবং আমেরিকার পাখী।

---

## ঝড়ে প্রভূত ক্ষতি

গত ১লা জ্যৈষ্ঠ মঙ্গলবার বৈকালে জঙ্গিপুর মহকুমার ধুলিয়ান, অরঙ্গাবাদ, নিমতিতা, গিরিয়া, সেকেন্দ্রা, মিঠিপুর, গাঙ্গিন, লবণচোয়া প্রভৃতি গ্রামের উপর দিয়া প্রচণ্ড ঝড় বহিয়া যাওয়ায় প্রায় পাঁচ সহস্রাধিক গৃহস্থ গৃহহারা হইয়া পড়িয়াছে। করগেট টিনের আঘাতে একটি বালকের একখানি হাত কাটিয়া যাওয়ায় হাতখানি বাদ দিতে হইয়াছে। বহু আম কাঁঠালের গাছ ভাঙ্গিয়া গিয়াছে এবং উৎপাটিত হইয়াছে। ফলও প্রচুর পরিমাণে পড়িয়া নষ্ট হইয়াছে।

---

## রেলওয়ে বিভাগ সর্ব্বদাই হাজির

রেলওয়ে বাজেটের ব্যয় বরাদ্দ যথারীতি মঞ্জুর হইয়াছে। যাত্রীভাড়া ও মালের মাশুল বৃদ্ধিও গৃহীত হইয়াছে। ইহার বিরুদ্ধে আপত্তি প্রতিবাদেও যথেষ্ট উষ্মা যথারীতি প্রকাশিত হইয়াছে এবং যথারীতিই তাহা অগ্রাহ্য হইয়াছে। যাত্রী ও জন-সাধারণের অদৃষ্টে যাহাই থাকুক, রেল-কর্ত্তৃপক্ষ তাঁহাদের ব্যয় বৃদ্ধির ব্যবস্থায় নিরাপদ ও নিশ্চিন্ত হইলেন। জনৈক সদস্য বলিয়াছিলেন যে, যাত্রীদের আগে বসিয়া যাইতে দিন, তারপরে ভাড়া বাড়াইবার কথা বলিবেন। কিন্তু কাহার কথায় কে কান দেয়? ইহার পরে রেল-দুর্ঘটনার সংখ্যা যদি আরও বাড়ে, চলন্ত ট্রেণে দস্যু-দুর্বৃত্তের উপদ্রব যদি হ্রাস না পায়, প্রেরিত মাল যথাস্থানে পৌছিতে যদি অতিরিক্ত বিলম্ব ঘটে তাহা হইলেই বা কে তাহা ঠেকাইবে? রেলপথ পরিচালনা বা উহার অব্যবস্থা সম্পর্কে, যে যত খুশী আলোচনা বা সমালোচনাও যথারীতি করিতে পারিবেন, কিন্তু প্রতিকার পাইবেন কিনা সে প্রতিশ্রুতি রেলকর্ত্তৃপক্ষ দিতে পারিবেন না। অতএব অনেক বেশী টাকা দিয়া টিকেট কিনিয়া আপনারা রেলপথে যাতায়াতের জন্য প্রস্তুত হউন। নিজের টিকেট নিজে কিনুন, মালপত্রের প্রতি আপনারাই নজর রাখুন, কারণ চোর, জুয়াচোর নিকটেই আছে। আর দৈব দুর্ঘটনায় যদি প্রাণ হারান, তাহাতেও আগেই ঘাবড়াইবেন না। ঘটনায় হউক, দুর্ঘটনায় হউক, রেলপথ আপনাদের সেবার জন্য সর্ব্বদাই প্রস্তুত রহিয়াছে।

'যুগান্তর'

---

## ভয়াবহ বাস দুর্ঘটনা

গত ২রা মে বৈকাল বর্দ্ধমানের ১৬ মাইল দূরে বর্দ্ধমান হইতে দাঁইহাটগামী একটি বাসের সহিত বর্দ্ধমানগামী একটি বোঝাই ট্রাকের সংঘর্ষ হয়। ধাক্কার ফলে বাসটি পার্শ্ববর্ত্তী জমির উপর ছিটকাইয়া পড়ে। বাসটি উল্টাইয়া যাওয়ায় যাত্রীরা বাহির হইতে সক্ষম হয় না। সেইসঙ্গে বাসের পেট্রোল ট্যাঙ্ক ফাটিয়া যাওয়ায় বাসে আগুন ধরিয়া যায়। ট্রাকে কেরোসিন ও দালদা বোঝাই ছিল। ট্রাকেও আগুন লাগিয়া যায়। অতি কষ্টে আহত ও অগ্নিদগ্ধ ব্যক্তিদের উদ্ধার করা হয় এবং ২১ জন আহতকে বর্দ্ধমান হাসপাতালে প্রেরণ করা হয়। অবশিষ্ট ১৪ জনকে কাটোয়া হাসপাতালে স্থানান্তরিত করা হয়। শ্রীমতী জ্যোৎস্না চক্রবর্ত্তী (৫০) এবং শ্রীমতী মায়ারাণী মুখোপাধ্যায় (১৯) নিহত হন। আহতদের মধ্যে আটজনের অবস্থা গুরুতর বলিয়া জানা গিয়াছে।

---

## চপেটাঘাতে স্ত্রীর মৃত্যু ঘটাইবার ফলে শাস্তি

### আসামীর এক মাস দণ্ড

মুর্শিদাবাদের দায়রা জজ শ্রী আর ভট্টাচার্য্য সাগরদীঘি থানার বহালনগর গ্রামের আবদুর রজ্জাককে চপেটাঘাতে মৃত্যু ঘটাইবার অভিযোগে একশত টাকা জরিমানা, অনাদায়ে এক মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিবার নির্দ্দেশ দিয়াছেন।

সংবাদে প্রকাশ, আসামী তাহার স্ত্রীকে আমের খোসা ছাড়াইতে বলে। কিন্তু স্ত্রী তাহাতে অসম্মত হওয়ায় আসামী ক্রুদ্ধ হইয়া তাহাকে এক চর মারে এবং তাহার ফলেই আসামীর স্ত্রীর শেষ পর্য্যন্ত মৃত্যু হয়। রজ্জাক অপরাধ স্বীকার করিয়া বলে, সে তাহার কৃতকর্ম্মের জন্য দুঃখিত। সে সাধ্যমত স্ত্রীকে বাঁচাইতে চেষ্টা করে; কিন্তু সারা রাত্রি চেষ্টা করিয়াও সে ব্যর্থ হয়।

---

## পরলোকগমন

গত ৩০শে বৈশাখ রবিবার রাত্রিতে শ্রীশ্রী৺-বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের সেবাইত জমিদার-গণের অন্যতম রঘুনাথগঞ্জ নিবাসী শ্যামাচরণ নাথ মহাশয় পরলোকগমন করিয়াছেন। বৎসরাধিক-কাল হইতে তিনি বার্দ্ধক্যজনিত পীড়ায় ভুগিতে-ছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৯ বৎসর হইয়াছিল। তিনি দুই পুত্র, দুই কন্যা, পৌত্র-পৌত্রী, দৌহিত্র-দৌহিত্রী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলিঃ 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন : ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## শ্রীঅরুণা

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈয়ারী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।